

# বিশ্ববিদ্যালয়ের শিক্ষক পরিচয় দিতে লজ্জা লাগে

অধ্যাপক ড. শিব শংকর রায়

রাবি প্রতিনিধি

১৫ জুলাই ২০২৪, ১২:০০ এএম



বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হিসেবে পরিচয় দিতে লজ্জা লাগে বলে মন্তব্য করেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. শিব শংকর রায়। গতকাল প্রত্যয় স্কিম প্রত্যাহার ও স্বতন্ত্র বেতন স্কেল প্রবর্তনের দাবিতে দশম দিনের মতো সর্বাঙ্গিক কর্মবিরতি পালন করেন রাবি শিক্ষক সমিতি। এ উপলক্ষে বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের পাশে আয়োজিত অবস্থান কর্মসূচিতে বক্তব্য প্রদানকালে এই মন্তব্য করেন ড. শিব শংকর রায়।

মার্কেটিং বিভাগের এই অধ্যাপক বলেন, আজকে এখানে দাঁড়িয়ে আমি কিছু বক্তব্য রাখব। আমি কালার হব, আমাকে টেলিফোন করা হবে, হয়রানি করা হবে। আমি কেথায় কেথায় পার্টটাইম ক্লাস নিই, কী করি, সেই হিসাব নেওয়া হবে। মাঝখানে আমার ঘাড়ে মাথা রেখে যে আন্দোলন হচ্ছে, তার ফলাফল হলো মুষ্টিমেয় কয়েকজনের স্বার্থ। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হিসেবে পরিচয় দিতে লজ্জা লাগে। আজকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভিসি-

প্রো-ভিসি হওয়ার জন্য লম্বা লাইন ধরে ১৫-২০ জনের লিষ্ট পাঠায়। লজ্জা করে না আপনাদের? কাদের কাছে পাঠান? যাদেরকে আপনারা মেধাহীন বলছেন, তাদের পা চেটে বেড়াচ্ছেন আপনারা! মন্ত্রণালয়ে গিয়ে তাদের কাছে বায়োডাটা দিয়ে আসছেন।

রাবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ওমর ফারুক বলেন, প্রত্যয় স্কিমে পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা থাকবেন না, এমন প্রজ্ঞাপন জারি না করা পর্যন্ত, আমাদের আন্দোলন চলবে। সব শিক্ষকের মতামত ছাড়া আমরা (নেতারা) ব্যক্তিগতভাবে কোনো সিদ্ধান্তই জানাব না। আমরা সরকারের কোনো প্রলোভনে পা দেব না। শিক্ষক সমাজের সম্মানকে ভুলুর্গিত করে কোনো শিক্ষক নেতা বিশেষ কোনো অফার নিয়ে চলে যাবেন না, এটুকু আপনারা নিশ্চিত থাকতে পারেন।

অবস্থান কর্মসূচিতে শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি (সভাপতির অবর্তমানে) অধ্যাপক কামরুল হাসান, সাধারণ সম্পাদক অধ্যাপক ওমর ফারুকসহ বিভিন্ন বিভাগের দুই শতাধিক শিক্ষক উপস্থিত ছিলেন।